দৈনিক বাংলা

তারিখ ২৭।১২।৮১
পৃষ্ঠা ........ কলাম ........

047

# আমরা নিরাপত্তা চাই

আমরা ঢাকা বিশ্ববিদ্যালয়ের সার্জেন্ট জহুরুল হক হলের আবাসিক ছাত্ররা ক্রমাগত নিরাপত্তাহীনতার সম্মুখীন হচ্ছি। এই হল বিশ্ববিদ্যালয়ের একটা অন্যতম বৃহৎ প্রতিষ্ঠান। বহু আগে থেকেই এই হল অনিয়ম, বিশৃঙ্খলা আর বহিরাগতদের স্বর্গরাজ্য হিসেবে বিবেচিত হয়ে আসছে। সম্প্রতিক কালে হলের আশেপাশের রাজপথে প্রকাশ্য দিবালোকে ডাকাতি করে ডাকাতরা স্বচ্ছন্দে হলে ঢুকে পড়ছে। এতে ছাত্রদের ই দুর্নাম রটছে চারিদিকে ছাত্ররা এদের চিনেও কিছু করতে পারছেনা। সাধারন ছাত্ররা ওদের ভয়ে সন্ত্রস্ত। আমরা শংকিত কখন ওরা আবার রুমে রুমে ডাকাতি শুরু করে দেয়। গত কিছুদিন থেকে ডাইনিং হলে ওরা ছাত্রদের থেকে জোর করে খাবার কেড়ে নিয়ে খাচ্ছে। আমরা আরো শংকিত এই ভেবে যে ওরা হয়তো এক সময় বলবে "আপনি একটু বাইরে যান আজ থেকে আমিই এখানে থাকবো।" আমাদের কিছু করার নেই! মনে হয় এই হলের মা-বাপ নেই। হলের বিভিন্ন গেইটে সদা অপেক্ষমান ৩০/৪০ জন ২০/২২ বছরের 'মাস্তান' দেখা যাবে। এরা কারা আমাদের জানা নেই। জানার সাহসও নেই। কার কাছে আমরা এই সেও সন্ত্রাসের প্রতিকার চাইব জানিনা! আমাদের একটাই আবেদন আমরা এই অস্ত্রধারী গুন্ডাদের হাত থেকে বাঁচতে চাই লেখা-পড়া করতে চাই আর শান্তিতে ঘুমাতে চাই (এখান বোমা হামলা মারামারি, ছোটাছুটি, দৌড়াদৌড়ি একটা সাধারণ ব্যাপার)।

আবাসিক ছাত্রবৃন্দ
সার্জেন্ট জহুরুল হক হল
ঢাকা বিশ্ববিদ্যালয়।